সংবাদ

তারিখ ....27 MAY 2016..
পৃষ্ঠা ...১৬ কলাম ৭ ......

# ছাত্রীর নগ্ন ছবি ফেসবুকে

● ২ জন গ্রেফতার

প্রতিনিধি, বগুড়া (শেরপুর)

বগুড়ার শেরপুরের খামারকান্দিতে এক স্কুলছাত্রীকে প্রাইভেট পড়ানোর ছলে শয়ন কক্ষে নিয়ে ভয়ভীতি দেখিয়ে নগ্ন করে ছবি তুলে ফেসবুকে ছেড়ে দেয়ার অপরাধে নগ্ন : পৃষ্ঠা : ২ ক : ৭

## নগ্ন : ছবি

(১৬ পৃষ্ঠার পর)

গত বুধবার রাতে কথিত প্রেমিক শাহীন আলম ও প্রাইভেট শিক্ষক আবু রায়হান তাজু'র বিরুদ্ধে মামলা দায়ের করেছে ছাত্রীর পিতা।

অভিযোগে জানা যায়, শেরপুর উপজেলার খামারকান্দি উচ্চ বিদ্যালয়ের ৭ম শ্রেণীর ছাত্রী গত ৩ বছর যাবত খামারকান্দি বাজার পাড়া গ্রামের আবদুস সামাদের ছেলে এবিসি কোচিং সেন্টারের মালিক শিক্ষক আবু রায়হান তাজু'র কাছে প্রাইভেট পড়ত। এই সুবাদে পার্শ্ববর্তী জয়নগর গ্রামের আলাউদ্দিনের ছেলে শাহীন আলমও ওই শিক্ষকের কাছে প্রাইভেট পড়ত। প্রাইভেট পড়ার একপর্যায়ে গত ৫ মাস পূর্ব হতে ওই ছাত্রীকে মাঝে মধ্যেই কুপ্রস্তাব দিয়ে আসতো। প্রতিদিনের ন্যায় গত ১ মার্চ ছাত্রীটি ওই প্রাইভেট শিক্ষকের কাছে পড়তে যায়। শিক্ষকের বাড়িতে কেউ না থাকায় তার শয়নকক্ষে যেতে বলে এবং তারই সহায়তায় কথিত প্রেমিক শাহীন আলম অস্ত্রের মুখে জোরপূর্বক ওই ছাত্রীকে নগ্ন করে তাদের হাতে থাকা মোবাইল ফোনে ছবি তুলে। পরবর্তীতে ওই নগ্ন ছবি ইন্টারনেটে ছেড়ে দেয়ার হুমকি প্রদর্শন করে, শারীরিক সম্পর্ক স্থাপনের চেষ্টা করে ব্যর্থ হয়ে তারা নগ্ন ছবিটি ফেসবুকে ছেড়ে দেয়। বিষয়টি জানাজানি হলে এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হওয়ায় বুধবার রাতে ওই ছাত্রীর পিতা এনামুল হক বাদী হয়ে শেরপুর থানায় একটি মামলা দায়ের করেন।

এ ব্যাপারে শেরপুর থানার ওসি খান মো. এরফান জানান, ২০১২ সালের পর্নোগ্রাফি আইনে ৮ ধারায় মামলা দিয়ে তাদের গ্রেফতার করে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।